**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 06-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) অষ্টলক্ষ্মী মহোৎসবের উদ্বোধন করে আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে উত্তর-পূর্বাঞ্চলে দেশের প্রবৃদ্ধিকে চালিত করার অপার সম্ভাবনা রয়েছে।**

**(২) ত্রিপুরা এই প্রথমবার একসঙ্গে  সাতটি বিভাগে জাতীয় পুরস্কার পঞ্চায়েতী রাজ অর্জন করেছে।**

**(৩) সারা দেশের সঙ্গে রাজ্যেও আজ ভারতরত্ন ডঃ বি আর আম্বেদকরের মৃত্যুবার্ষিকী, মহাপরিনির্বাণ দিবস হিসেবে উদযাপিত হয় ।**

**(৪) গুজরাটে ত্রিপুরা ও মণিপুরের মধ্যে কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে শুরু হয়েছে ।**

*********************************************

**Ashtalakshmi Mahotsav :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে উত্তর-পূর্বাঞ্চলে দেশের প্রবৃদ্ধিকে চালিত করার অপার সম্ভাবনা রয়েছে। তিনি আরও বলেন, একবিংশ শতাব্দী প্রাচ্যের, এশিয়ার এবং ভারতের। তিনি জোর দিয়ে বলেন যে আগরতলা, গুয়াহাটি, গ্যাংটক, আইজল, শিলং, ইটানগর এবং কোহিমার মতো উত্তর-পূর্বের বেশ কয়েকটি শহরে বড় শহরের মতোই বিশাল সম্ভাবনা রয়েছে। প্রধানমন্ত্রী আজ নতুনদিল্লির ভারত মণ্ডপমে অষ্টলক্ষ্মী মহোৎসবের উদ্বোধন করে একথা বলেন। অষ্টলক্ষ্মী মহোৎসবের গুরুত্ব তুলে ধরে তিনি বলেন যে এটিই প্রথম এবং

অনন্য অনুষ্ঠান যা উত্তর-পূর্বের রাজ্যগুলিতে বিপুল বিনিয়োগের সুযোগ খুলে দেবে। তিনি আরও বলেন যে এটি উত্তর-পূর্বের কৃষক, কারিগরদের পাশাপাশি সারা বিশ্বের বিনিয়োগকারীদের জন্য একটি দুর্দান্ত সুযোগ। প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে অষ্টলক্ষ্মী মহোৎসব উত্তর-পূর্বের উজ্জ্বল ভবিষ্যতের উদযাপন এবং বিকাশের একটি নতুন ভোরের উৎসবকে চিহ্নিত করে, বিকশিত ভারতের লক্ষ্যকে এগিয়ে নিয়ে যায়। প্রধানমন্ত্রী বলেন,

##########Byte##########

অনুষ্ঠানের আগে, উত্তর-পূর্বের রাজ্যগুলির শিশুরা প্রধানমন্ত্রীকে অষ্টলক্ষ্মী উদ্ভিদ,পিপুল গাছের একটি চারা উপহার দেয়। আগেই বলা হয়েছে, এই উৎসব আয়োজনের উদ্দেশ্য হল উত্তর-পূর্ব ভারতের আটটি রাজ্যের সৌন্দর্য, বৈচিত্র্য এবং প্রতিশ্রুতি প্রদর্শন করা। এর লক্ষ্য হল উত্তর-পূর্ব ভারতের বস্ত্র শিল্প, পর্যটনের সুযোগ ঐতিহ্যবাহী কারুশিল্প এবং জি আই ট্যাগযুক্ত পণ্যগুলি প্রদর্শনের জন্য একটি গতিশীল মঞ্চ প্রদান করা।

এই মহোৎসবের মাসকট, পূরবী নামের একটি তরুণী। মহোৎসবে ২৫০রও বেশি কারিগর ৩৪টি জিআই ট্যাগযুক্ত পণ্য সহ অনন্য হস্তশিল্প, তাঁত এবং কৃষি ও উদ্যান পণ্য প্রদর্শন করবেন।

উৎসবের কারিগরি অধিবেশনে নারী নেতৃত্ব, আইটি, শক্তি, স্বাস্থ্যসেবা এবং অনেক গুরুত্বপূর্ণ উন্নয়ন ক্ষেত্রগুলিতে আলোকপাত করা হবে। এছাড়াও সাংস্কৃতিক অনুষ্ঠান, ফ্যাশন শো ইত্যাদি থাকবে।

*******************************************

**Panchayet Award :**

ত্রিপুরা পঞ্চায়েতি রাজ ব্যবস্থার ইতিহাসে এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। রাজ্যের বিভিন্ন জেলা, ব্লক ও পঞ্চায়েতের সুষ্ঠু কার্যক্রমের ফলে ত্রিপুরা এই প্রথমবার সাতটি বিভাগে জাতীয় পঞ্চায়েতী রাজ পুরস্কার অর্জন করেছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, এই সম্মান রাজ্যের জন্য যেমন গর্বের

তেমনি শক্তিশালী পঞ্চায়েতি রাজ ব্যবস্থার প্রতি এক স্বীকৃতিও বটে। সারা দেশে প্রায় ২ লক্ষ ৫০ হাজার পঞ্চায়েতের মধ্যে প্রতিযোগিতা করে ত্রিপুরার এই অর্জন রাজ্যের উন্নয়ন ও সুশাসনের ক্ষেত্রে এক নতুন অধ্যায় রচনা করেছে। আগামী ১১ই ডিসেম্বর দিল্লিতে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এই পুরস্কার প্রদান করবেন।

গোমতী জেলা দেশের মধ্যে সেরা জেলা হিসেবে নির্বাচিত হয়েছে। এই সম্মান অর্জনের জন্য গোমতী জেলা পাবে ৫ কোটি টাকার পুরস্কার। পরিকল্পিত উন্নয়ন, দারিদ্র্য দূরীকরণ ও সামাজিক পরিকাঠামো উন্নত করার ক্ষেত্রে গোমতি জেলা অনন্য নজির স্থাপন করেছে।

অমরপুর আরডি ব্লক জাতীয় স্তরে দ্বিতীয় সেরা ব্লকের শিরোপা অর্জন করেছে। ব্লকের উন্নয়নমূলক কর্মকাণ্ড, গ্রামীণ সম্পদ ব্যবস্থাপনা এবং জনকল্যাণমূলক প্রকল্প রূপায়ণে তাদের দক্ষতা এই সাফল্য অর্জনে সহায়ক হয়েছে। পুরস্কার মূল্য হিসেবে তারা পাবে ১ কোটি ৭৫ লক্ষ টাকা।

মহিলা ক্ষমতায়নে বিশেষ ভূমিকা পালন করে রূপাইছড়ি ব্লকের মনুবনকুল ভিলেজ কমিটি দেশের সেরা মহিলা বান্ধব পঞ্চায়েত হিসেবে পুরস্কৃত হয়েছে। নারীদের জন্য কর্মসংস্থান, শিক্ষা ও স্বাস্থ্যসেবার উন্নয়নে তাদের প্রচেষ্টা প্রশংসনীয়। এই পঞ্চায়েত পাবে ১ কোটি টাকার পুরস্কার।

গ্রামের বিদ্যুৎ ও শক্তি ব্যবস্থাপনায় দৃষ্টান্ত স্থাপন করেছে অমরপুর আরডি ব্লকের থাকছড়া গ্রাম পঞ্চায়েত।

তারা সারা দেশের মধ্যে গ্রাম উর্যা বিভাগে দ্বিতীয় স্থান অর্জন করেছে এবং পাবে ৭৫ লক্ষ টাকার পুরস্কার। কুমারঘাট ব্লকের বেতছড়া গ্রাম পঞ্চায়েত দারিদ্য দূরীকরণে অসাধারণ অবদান রেখেছে। তাদের উদ্ভাবনী প্রকল্প এবং সমবায়ভিত্তিক

উদ্যোগগুলির মাধ্যমে এই সাফল্য এসেছে। পুরস্কার মূল্য হিসেবে পাবে ৫০ লক্ষ টাকা।

অমরপুর ব্লকের রাজকাং ভিলেজ কমিটি শিশুদের জন্য নিরাপদ ও স্বাস্থ্যকর পরিবেশ তৈরি এবং শিক্ষাক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করে সারা দেশের মধ্যে তৃতীয় স্থান অর্জন করে ৫০ লক্ষ টাকার পুরস্কার লাভ করেছে।

জলসম্পদ ব্যবস্থাপনায় বিশেষ দক্ষতা প্রদর্শন করেছে অমরপুর ব্লকের দেববাড়ি গ্রাম পঞ্চায়েত। গ্রামীণ অঞ্চলে পানীয় জল সরবরাহ ও জল সংরক্ষণ প্রকল্পে তাদের সাফল্যের জন্য তৃতীয় স্থান অর্জন করেছে। পুরস্কার মূল্য ৫০ লক্ষ টাকা।

ত্রিপুরার বিভিন্ন জেলা, ব্লক ও পঞ্চায়েত মিলিয়ে এই বছর মোট ১০ কোটি টাকার পুরস্কার লাভ করেছে।

***************************

**BR Ambedkar :**

ভারতীয় সংবিধানের প্রধান স্থপতি ভারতরত্ন ডঃ বি আর আম্বেদকরের ৬৮তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আজ মহাপরিনির্বাণ দিবস পালন করা হচ্ছে। দেশ গঠনে ডঃ আম্বেদকরের অবদানকে তুলে ধরতে সারা দেশে আজ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা নতুনদিল্লির সংসদ ভবন কমপ্লেক্সের প্রেরণা স্থলে পুষ্পস্তবক অর্পণ করে ডক্টর আম্বেদকরকে শ্রদ্ধা জানান। প্রাক্তন রাষ্ট্রপতি রাম নাথ কোবিন্দ, কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খারগে, সংসদের অন্যান্য সদস্য এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরাও প্রেরণা স্থলে ভারতীয় সংবিধানের প্রধান স্থপতিকে পুষ্পস্তবক অর্পণ করেন।

সামাজিক মাধ্যমে এক বার্তায় এই বছরের শুরুর দিকে মুম্বাইয়ের চৈত্য ভূমিতে তাঁর সফরের একটি ছবি শেয়ার করে, প্রধানমন্ত্রী

নরেন্দ্র ডঃ আম্বেদকরকে সামাজিক ন্যায়বিচারের আলোকবর্তিকা হিসাবে বর্ণনা করেছেন।

*****************************

**President, Ambedkar :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সকালে ভুবনেশ্বরে ভারতরত্ন বাবাসাহেব ডক্টর ভীমরাও রামজি আম্বেদকরকে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন।

আজ 'মহাপরিনির্বাণ দিবস' উপলক্ষে রাজ্যপাল রঘুবর দাস এবং অন্যান্য অনেক বিশিষ্ট ব্যক্তিদের সঙ্গে তিনি এজি স্কয়ারে বাবাসাহেবের মূর্তিতে শ্রদ্ধা নিবেদন করেন। উল্লেখ্য, গত মঙ্গলবার থেকে রাষ্ট্রপতি তাঁর নিজ রাজ্য ওড়িশায় পাঁচ দিনের সফরে রয়েছেন।

*****************************

**BR Ambedkar-Sudhangshu Das :**

রাজ্যেও আজ বাবাসাহেব ড. বি আর আম্বেদকরের তিরোধান দিবস পালন করা হয়। সকালে আগরতলার উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণে ড. আম্বেদকরের মর্মর মূর্তিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী, বিধায়ক মীনা রাণী সরকার, আগরতলা পুরনিগমের ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত প্রমুখ। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয় ও ছাত্রাবাসের ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা এবং শিল্পীগণ ড. আম্বেদকরের মর্মর মূর্তিতে পুষ্পার্ঘ অর্পণ করেন। অনুষ্ঠানে তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস সংবিধানের রূপকার ড. আম্বেদকরের জীবনাদর্শ নিয়ে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে পৌরহিত্য করেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী। স্বাগত ভাষণ দেন তপশিলি জাতি কল্যাণ দপ্তরের সচিব দীপা ডি নায়ার।

***************************

**Ambedkar death Anniversary :**

ত্রিপুরা তপশিলি জাতি সমন্বয় সমিতির উদ্যোগে আজ মেলারমাঠস্থিত আম্বেদকর ভবনে ডঃ বি আর আম্বেদকরের প্রয়াণ দিবস পালন করা হয়। উপস্থিত ছিলেন বিধায়ক রামু দাস, সুদীপ সরকার প্রমুখ।

আগরতলায় কংগ্রেস ভবন প্রাঙ্গনে আয়োজিত অনুষ্ঠানে ডঃ আম্বেদকরের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন ও অন্যান্য নেতৃবৃন্দ।

***************************

**Civil Defence Day :**

৬২তম গৃহরক্ষী এবং অসামরিক প্রতিরক্ষা বাহিনীর প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে আজ মনোরঞ্জন দেববর্মা স্মৃতি পুলিশ প্যারেড গ্রাউন্ডে আয়োজিত কুচকাওয়াজ অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্তনা চাকমা দুর্যোগ মোকাবিলা প্রস্তুতির শপথ বাক্য পাঠ করান। কুচকাওয়াজে রাজ্য বিপর্যয় মোকাবিলা বাহিনী, গৃহরক্ষী বাহিনী, অগ্নিনির্বাপক এবং অসামরিক সুরক্ষা বাহিনী ও তিনটি ব্যান্ড দল অংশগ্রহণ করে।

অনুষ্ঠানে স্বাগত ভাষণে আইজিপি ক্রাইম অ্যান্ড ইন্টিলিজেন্স এল ডার্লং বলেন, গৃহরক্ষী বাহিনী রাজ্যের বিভিন্ন থানা সহ গুরুত্বপূর্ণ স্থানে নিরাপত্তার দায়িত্ব পালন করছে। উগ্রপন্থা দমনে তাদের বিশেষ ভূমিকা ছিল। তাছাড়াও রাজ্যের বিপর্যয় মোকাবিলায় অসামরিক সুরক্ষা বাহিনীর অবদান অনস্বীকার্য। অনুষ্ঠান উপলক্ষে রাজ্যের রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ও মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার অভিনন্দন বার্তা পাঠ করা হয়। অনুষ্ঠানে ১৫ জন অসামরিক সুরক্ষা স্বেচ্ছাসেবক ও আপদামিত্রকে সংবর্ধনা প্রদান করা হয়।

***************************

**Science Exhibition :**

ক্রীড়ামন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরের রাধাকিশোর ইনষ্টিটিউশনে ঊনকোটি জেলাভিত্তিক দুদিনব্যাপী "বাল বৈজ্ঞানিক প্রর্দশনী"র উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি ছাত্রছাত্রীদের সৃজনশীল প্রতিভার বিকাশে যত্নবান হওয়ার আহ্বান জানান। বক্তব্য রাখেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার প্রমুখ। এই কর্মসূচিতে ১৮টি বিদ্যালয়ের ৬০টি বিজ্ঞান মডেল প্রদর্শিত হচ্ছে।

সোনামুড়া টাউন হলে সিপাহীজলা জেলাভিত্তিক বাল বৈজ্ঞানিক প্রদর্শনী ও সেমিনারের উদ্বোধন করেন বিধায়ক কিশোর বর্মন। তিনি বিজ্ঞানের সঠিক ব্যবহারের জন্য ছাত্রছাত্রীদের প্রতি আবেদন রাখেন। প্রদর্শনীতে জেলার বিভিন্ন স্কুল থেকে মোট ৬২টি মডেল ও সেমিনারে ২১ জন প্রতিযোগী-প্রতিযোগিনী অংশ গ্রহণ করে। উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সহকারী সভাধিপতি পিন্টু আইচ, মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন অনামিকা ঘোষপাল রায়, সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী প্রমুখ।

খোয়াই সরকারী ইংরেজী মাধ্যম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে আজ দুদিনব্যাপী খোয়াই জেলাভিত্তিক বাল বৈজ্ঞানিক প্রদর্শনী ও সেমিনারের উদ্বোধন করেন খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশীষ নাথ শর্মা। উপস্থিত ছিলেন খোয়াই জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রান। খোয়াই জেলার মোট ৩৬টি বিদ্যালয়ের ৩৬টি মডেল এই বিজ্ঞান মেলার প্রদর্শনীতে অংশ নিয়েছে।

****************************

**Blood Donation :**

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ আগরতলার নেতাজি চৌমুহনীস্থিত HDFC ব্যাংক আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করেন। শিবিরে মোট ৫০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

*****************************

**ONGC :**

সংবিধান প্রণেতা ডঃ বি আর আম্বেদকর এর প্রয়াণ দিবস উপলক্ষে আজ ওএনজির অল ইন্ডিয়া এসসি এসটি ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন রাজ্য শাখার উদ্যোগে আগরতলার ওএনজিসি কমপ্লেক্সের মহিলা সমিতি হলে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল। তিনি বলেন মহান মনিষীর প্রয়াণ দিবসকে স্মরণে রেখে এই ধরনের রক্তদান শিবির আয়োজন তাঁর প্রতি শ্রদ্ধা জানানোর প্রকৃষ্ট নিদর্শন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ওএনজিসি ত্রিপুরা এসেটে সি ডব্লিউ সি-র জেনারেল সেক্রেটারি বি প্রসাদ রাও বলেন, শান্তি সম্প্রীতি ও সমতার বার্তা আমাদের মূল লক্ষ্য। রক্তদান শিবিরে মোট ১০২ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

*****************************

**Cooch Behar Trophy :**

গুজরাটে ত্রিপুরা ও মণিপুরের মধ্যে কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে শুরু হয়েছে। টসে জিতে ব্যাট করতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২৫৪ রান করে। দলের পক্ষে দীপজয় দেব ১০০ রান করে। জবাবে খেলতে নেমে মণিপুর প্রথম ইনিংসে মাত্র ৮৯ রানে সবাই আউট হয়ে যায়। রাজ্যদলের অর্কজিৎ রায় ১৭ রানে একাই ৬টি উইকেট পায়। ১৬৫ রানে লিড নিয়ে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে কোন উইকেট না হারিয়ে১ রান করে।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ২৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি

সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪.৮ ডিগ্রি সেলসিয়াস।

****************************